



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্রঃ ১৬(৭৮৩)জাতীগবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/২০১৬/ ৯০৭

গাজীপুর কলেজ, গাজীপুর

তারিখঃ ১৬/০৭/২০১৭
১৬/০৭/২০১৭

জরুরি বিজ্ঞপ্তি

আশাকরি আপনি অবগত রয়েছেন যে, কলেজ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক এর যৌথ অর্থায়নে শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ইউজিসি/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নধীন College Education Development Project (CEDP) এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী কলেজসমূহের অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ শিক্ষকদের মালয়েশিয়া ও বাংলাদেশে প্রশিক্ষণের সুযোগ রয়েছে। International Academic Partner হিসেবে University of Nottingham Malaysia Campus (UNMC) উক্ত প্রশিক্ষণ কোর্স পরিচালনা করবে।

UNMC-এর তত্ত্বাবধানে অনুষ্ঠিতব্য শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য অন্যান্য যোগ্যতার সাথে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫৫ বছর এবং **English Language Proficiency (IELTS Score ন্যূনতম 6.5 বা অন্য কোন Language Test-এ সমমানের দক্ষতা)** অবশ্যই থাকতে হবে। যাদের উক্ত স্কোর নেই তাদেরকে কাজ্জিত স্কোর অর্জন করে অবহিত ও প্রশিক্ষণে অংশগ্রহণ করার সুযোগ গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি যথাশীঘ্র কলেজ অধ্যক্ষের মাধ্যমে অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-www.nu.edu.bd এর **TRAINING** মেন্যুতে **TTIS-Teachers Training Information System**-এ কলেজ ইউজার আইডি **Login** করে আপনার/আপনাদের **TTIS** প্রোফাইলে উল্লেখিত **English Language Proficiency** সার্টিফিকেট এর স্ক্যান কপি ও স্কোর আপডেট করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রশিক্ষণে অগ্রহী শিক্ষকদের মধ্যে ইতোমধ্যে যারা **IELTS Score ন্যূনতম 6.5 বা অন্য কোন Language Test-এ সমমানের দক্ষতা** অর্জন করেছেন তাদের বিষয়টি জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য সকল স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজের অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, প্রশিক্ষণ শেষে শিক্ষকগণ নটিংহাম বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত এম এ ইন এডুকেশন/এম এ ইন ইউকেশনাল লিডারশীপ এন্ড ম্যানেজমেন্ট/পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা/পোস্ট-গ্র্যাজুয়েট সার্টিফিকেট ইন হায়ার এডুকেশন/পোস্ট-গ্র্যাজুয়েট সার্টিফিকেট ইন এডুকেশন ডিগ্রী অর্জন করবেন।

ধন্যবাদান্তে-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোনঃ ৯২৯১০৭৪, ইমেইল: ttnubd@gmail.com

সূত্রঃ ১৬(৭৮৩)জাতীগবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/২০১৬/ ৯০৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, সিইডিপি, বাংলাদেশ
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক)-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৮. অফিস কপি

(মোঃ হাছানুর রহমান)

উপ-রেজিস্ট্রার

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোনঃ ৯২৯১০৮০, ইমেইল: ttnubd@gmail.com

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল **facebook** পেইজ : <http://www.facebook.com/ttnubdOfficial>

তারিখঃ ১৬/০৭/২০১৭